

## বিনা টিকিটে ফ্লাইটে ওঠার চেষ্টা, শাহজালালে ১জন আটক

- A Monitor Desk Report

Date: 20 May, 2025



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরীণ টার্মিনাল দিয়ে ভুয়া টিকিট নিয়ে এক ব্যক্তি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে কক্সবাজার যাওয়ার চেষ্টা করলে ফ্লাইটে ওঠার আগের ধাপে নিরাপত্তা তল্লাশির সময় তাকে আটক করা হয়।

সোমবার (১৯ মে) বিকেলে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তির নাম আমান। তার বাড়ি ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে।

বিষয়টি নিশ্চিত করে বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন রাগিব সামাদ বলেন, জাল টিকিট পাসপোর্টসহ যোরাঘুরির সময় নিরাপত্তাকর্মীরা একজনকে আটক করে। নিরাপত্তাকর্মীর সঙ্গে তিনি আবোল-তাবোল কথা বলছিলেন। তাই তাকে আটক করে অধিকতর জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

বিমানবন্দর সূত্রে জানা গেছে, বিকেল সাড়ে ৪টায় ঢাকা থেকে বাংলাদেশ বিমানের ফ্লাইট বিজি ৪৩৭ কক্সবাজার যাওয়ার শিডিউল ছিল। আটক ব্যক্তি টার্মিনালে প্রবেশের প্রথম ধাপ অর্থাৎ বোর্ডিং পাস না নিয়েই নিরাপত্তা তল্লাশিতে চলে যান।

সূত্র জানায়, বোর্ডিং পাস ছাড়াই দ্বিতীয় ধাপের নিরাপত্তা তল্লাশি শেষ করে ওই ব্যক্তি ফ্লাইটে ওঠার উদ্দেশ্যে এগিয়ে যান। তবে বোর্ডিং পাস চেক করার সময় তিনি ধরা পড়েন। বিমানকর্মীদের তিনি তার পাস দেখাতে পারেননি। পরে বিমানবন্দরে কর্মরত নিরাপত্তা সংস্থার সদস্যরা তাকে আটক করেন। জিজ্ঞাসাবাদের জন্য অফিসে নেয়া হয়েছে।

সর্বশেষ রাত সাড়ে ৮টা পর্যন্ত জিজ্ঞাসাবাদ শেষে তাকে বিমানবন্দরে ম্যাজিস্ট্রেটের কাছে হস্তান্তর করা হয়েছে।

এদিকে, এই ঘটনায় বিমানবন্দরের কঠোর নিরাপত্তা ব্যবস্থার কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলে অভিযোগ বিশেষজ্ঞরা বলেন, অভ্যন্তরীণ টার্মিনালে প্রবেশের প্রতিটি স্তরে নিরাপত্তা আরও জোরদার করা প্রয়োজন।

